

ভোলার দারুল হিকমাহ মাদরাসায় মাদানি নেসাব চালু

ভোলা প্রতিনিধি



ভোলা জেলার সদর উপজেলার পূর্ববাগুয়া
চেউয়াখালীস্থ দারুল হিকমাহ মাদরাসায় মাদানি
নেসাব চালু হয়েছে।

শনিবার (৪ এপ্রিল) সকালে মাদরাসা প্রাঙ্গণে
এক বর্ণাঢ্য আয়োজনের মাধ্যমে তা চালু হয়।

মৌলভী মোহাম্মদ ইদ্রিস (রহ.) ফাউন্ডেশন
কর্তৃক পরিচালিত দারুল হিকমাহ মাদরাসার
(লিল্লাহ বোর্ডি ও এতিমখানা) এ অনুষ্ঠানে প্রধান
অতিথি ছিলেন মৌলভী মোহাম্মদ ইদ্রিস (রহ.)
ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ভাইস চেয়ারম্যান ড.
মো. শহিদুল্লাহ আল মাদানী। অনুষ্ঠানে নতুন
ছাত্রদের পাঠদান ও দোয়া-মুনাজাত পরিচালনা
করেন মাওলানা আমির হোসেন।

মৌলভী মোহাম্মদ ইদ্রিস (রা.) ফাউন্ডেশনের
প্রতিষ্ঠাতা ভাইস চেয়ারম্যান মাওলানা আহমাদ
উল্লাহ খানের সভাপতিত্বে অনুষ্ঠিত এই
অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন
স্মার্ট কিডস স্কুলের প্রতিষ্ঠাতা প্রিন্সিপ্যাল মো.
আবু বকর ও মৌলভী মোহাম্মদ ইদ্রিস (রা.)
ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা পরিচালক ও
সমন্বয়কারী মোহাম্মদ ইবরাহিম।

দারুল হিকমাহ মাদরাসার প্রতিষ্ঠাতা মুহতামিম
এবং মৌলভী মোহাম্মদ ইদ্রিস (রা.)
ফাউন্ডেশনের পরিচালক (অর্থ) হাফেজ
মাওলানা নেছার উদ্দিনের সার্বিক তত্ত্বাবধানে
অনুষ্ঠিত ওই ছবক অনুষ্ঠানে আরো উপস্থিত
ছিলেন ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা সেক্রেটারি
জেনারেল মাওলানা আবুল বাশার মো. আহিদ
উল্লাহ খান, প্রতিষ্ঠাতা পরিচালক মাওলানা আবু
সাইদ খান, ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা পরিচালক
হাফেজ ওমর ফারুক, গুলি মাধ্যমিক
বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাওলানা
অহিদুজ্জামান আনসারী, চৌদঘর আদর্শ
বালিকা মাদরাসার সুপার মাওলানা হেলাল
উদ্দিন, মো. মফিজুর রহমান মাস্টার, মাওলানা
মো. ইউসুফ, মাওলানা সামসুদ্দিন ভাসানীসহ
এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ।

অনুষ্ঠানটি পরিচালনা করেন দারুল হিকমাহ
মাদরাসার মুফতী রিয়াদ হোসেন ও মাওলানা
জাবের হোসাইন।